দৈনিক বাংলা

তারিখ 25 DEC 1993
পৃষ্ঠা ৭ কলাম ২

138

# প্রাথমিক শিক্ষার প্রতি আগ্রহ বাড়ছে

নিজস্ব সংবাদদাতা ঃ ভৈরব, ২৪ ডিসেম্বর।–সার্বজনীন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে, কিশোরগঞ্জ জেলার ১৩টি থানায়ও "শিক্ষার বিনিময়ে খাদ্য" কর্মসূচী চালু হয়েছে। তবে ১০ বছরের অধিক বয়সের ছেলেমেয়েরাও গমের জন্য বিদ্যালয়ে এসে ভিড় জমাচ্ছে।

উক্ত কর্মসূচীর নিয়ম অনুযায়ী দুস্থ ও বিধবা মহিলা, দিনমজুর, ভূমিহীন এবং অসচ্ছল যেমন তাঁতী, জেলে, কামার, কুমার, মুচি প্রভৃতি পরিবারের ৬ থেকে ১০ বছর বয়সের ছেলেমেয়েরা এ কর্মসূচীর আওতায় শিক্ষার সুযোগ লাভ করবে। কিন্তু জেলার বিভিন্ন এলাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে ১০ বছরের অধিক বয়সের ছেলেমেয়েরা এমনকি মধ্যবিত্ত পরিবারের সন্তানরাও এখন বিদ্যালয়ে আসছে গম পাওয়ার আসায়।

এ কর্মসূচী চালু হওয়ার পর বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। কিন্তু তাদের বসার জন্য প্রয়োজনীয় বেঞ্চ ও আসবাবপত্রের অভাব রয়েছে

জেলার ১৩টি থানার বাছাইকৃত ১৩টি ইউনিয়নের ১২ হাজার ২৫টি পরিবারের ৬ থেকে ১০ বছর বয়সের ছেলেমেয়েরা এই কর্মসূচীর আওতায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার সুযোগ পাবে। বর্তমানে প্রতিটি ইউনিয়নে এক সন্তান বিশিষ্ট ৩০০টি পরিবার এই কর্মসূচীর আওতায় আনা হয়েছে। প্রতি মাসে প্রতি থানায় এই কর্মসূচীর জন্য ১৮ হাজার ৩৭৫ কেজি গম বরাদ্দ করা হয়েছে। সরকারী ও বেসরকারী রেজিস্ট্রিকৃত উভয় শ্রেণীর বিদ্যালয়েই অধ্যয়নরত ছাত্রছাত্রীদের ক্ষেত্রে এই সুযোগ প্রযোজ্য হবে।